গাংনীতে স্থানীয়দের হাতে ঢাকা জেলা পুলিশের সদস্যের বাকবিতন্ডা

গাংনী বাজার বাসস্ট্যান্ডে কথাকাটিকে কেন্দ্র করে ঢাকা জেলা পুলিশে কর্মরত পুলিশ কনস্টেবল সেলিম হোসেন নামের একজন লাঞ্ছিত হয়েছেন।

লাঞ্ছিত পুলিশ সদস্য সেলিম হোসেন মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর গ্রামের ভারত আলীর ছেলে। সে ঢাকা জেলা পুলিশে কর্মরত।

সোমবার সন্ধ্যায় গাংনী উপজেলা শহরের ট্রাফিক আইল্যান্ডের কাছে এ মারপিটের ঘটনা ঘটে। আহত পুলিশ সদস্য সেলিম হোসেনকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা দেওয়ায় হয়েছে। এঘটনায় গাংনী থানায় মামলার প্রস্তুতি চলছে।

গাংনী উত্তরপাড়া এলাকার সাইফুল ইসলাম জানান, যাওয়ার সময় একটি ছাতা একজন লোকের সামনে পড়ে যায়। ছাতাটি তুলে দেওয়ার জন্য তাকে অনুরোধ করি। ওই ভদ্রলোকটি ছাতাটি তুলে দিতেও যাচ্ছিলেন।

এসময় রাস্তার অপর পাশে থাকা পুলিশ সদস্য সেলিম হোসেন কাছে এসেই আমার উপর ক্ষিপ্ত হয়ে অকথ্য ভাষায় গালাগাল শুরু করেন। শুধু গালাগালি করেই ক্ষান্ত হননি ওই পুলিশ সদস্য এক পর্যায়ে সে মটরসাইকেলে লাথি মারতে শুরু করেন। এঘটনার জের ধরে দুজনের মধ্যে প্রথমে ধাক্কাধাক্কি হয়। এক পর্যায়ে উভয়ে ধস্তাধস্তিতে হয়।

এক পর্যায়ে স্থানীয়রা তাদের দুজনকে নিবৃত করার চেষ্টা করে। এসময় সেলিম হোসেন স্থানীয়দের বিভিন্নভাবে গালিগালাজ ও হুমকী ধামকী দিতে থাকেন।

প্রত্যক্ষদর্শি মিলন হোসেন জেআর বাসের টিকিট কাউন্টার বাবু, ঝাল মুড়ি ব্যবসায়ী আব্দল কাদের জানান, তুচ্ছ ঘটনায় ওই পুলিশ সদস্য মটরসাইকেল আরোহীকে গালিগালা ও মারপিট করেন। তাকে নিবৃত করার চেষ্টা করলে সে সবাইকে অকথ্য ভাষায় গালিগাল করে।

পরে স্থানীয়দের দু একজনের উপর হাত তুললে লোকজন তাকে লাঞ্ছিত করে।এক পর্যায়ে সে নিজেকে পুলিশ পরিচয় দিয়ে অকথ্য ভাষায় গালাগাল

ও হুমকী ধামকী দিতে থাকেন।

এদিকে আহত সেলিম হোসেন জানান, আমার পিতাকে রাস্তার পাশে দাঁড়িয়ে রেখে রাস্তার অপর পাশে ডাব কিনতে যায়। এসময় একজন মোটর সাইকেল চালকের একটি ছাতা মোটরসাইকেল থেকে ছিটকে পড়ে যায়।

মোটরসাইকেল চালক আমার বাবাকে ছাতাটি তুলে দেওয়ার জন্য আদেশ করেন। বাবা সেটি তুলে না দিলে অকথ্য ভাষায় গালিগালাজ শুরু করে ওই মোটরাসইকেল চালক।

আমি তাৎক্ষনিকভাবে ঘটনাস্থলে এসে বাবাকে গালি দিচ্ছেন কেনো জানতে চাইলে সে আমাকেও গালি দেন।। এক পর্যায়ে সে আমার গায়ে হাত তুলতে আসে।

পরে তার সাথে আমার ধস্তা ধস্তি হয়।ধস্তাধস্তি চলাকালিন সময়ে গাংনী হাটবোয়ালীয়া রোডে চলাচল করা স্থানীয় কয়েকজন লেগুনা চালকসহ কয়েকজন মিলে আমাকে বেদম মারপিট পরে থানা পুলিশকে খবর দিলে আমাকে পুলিশ উদ্ধার করে হাসপাতালে নেন।

গাংনী থানা পুলিশের উপপরিদর্শক (এসআই) জাফর জানান, আহত পুলিশ সদস্য সেলিম হোসেনকে উদ্ধার করে হাসপাতালে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। এঘটনায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

গাংনীতে পৃথক দূর্ঘটনায় স্কুল শিক্ষক ও শিশু আহত

গাংনী উপজেলার কাথুলি ও ধানখোলা রাস্তায় পৃথক দুটি সড়ক দূর্ঘটনায় একজন স্কুল শিক্ষক ও এক শিশু আহত হয়েছেন।
সোমবার বেলা ২ টার দিকে এ পৃথক দুটি সড়ক দূটনা হয়।

আহতরা হলেন, গাংনী উপজেলার নওয়াপাড়া গ্রামের আব্দুস সাত্তারের ছেলে ও স্থানীয় নওয়াপাড়া কিন্ডার গার্টেন স্কুলের সহকারী শিক্ষক শাহিনুজ্জামান (৩৮) ও একই উপজেলার ধানখোলা গ্রামের মনিরুল ইসলামের ছেলে মোস্তফা নাফিজ (৪)।

আহদের অবস্থা আশংকাজনক হওয়ায় তাদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেছেন গাংনী হাসপাতালের চিকিৎসক।

শাহিনুজ্জামান জানান, নওয়াপাড়া থেকে গাংনী আসার সময় চৌগাছা গ্রামের বড় মসজিদের সামনে অপর একটি মোটরসাইকেল রাস্তা পার হতে দেখে আতংকে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার উপরে পড়ে মারাত্বক আহত হন।তার মাথা, মুখমন্ডলসহ বাম চোখের উপরে কপালের হাড় ভেঙ্গে যায়। স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্রে নেন।অপরদিকে ধনাখোলা গ্রামের শিশু নাফিজ খেলতে খেলতে রাস্তার উপর চলে আসলে একটি পাখি ভ্যান তাকে ধাক্কা দিলে শিশুটির বাম পা মারাত্বকভাবে ক্ষত হয়। তার পায়ের রগসহ কেটে গিয়ে প্রচুর রক্ত ক্ষরণ হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়েছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জরুরি বিভাগে কর্মরত চিকিৎসক বোধাদাশ গুপ্ত (পিকলু)জানান, তাদের দুজনের অবস্থা আশংকাজনক হওয়ায় তাদের কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

গাংনীতে ইয়াবাসহ যুবক আটক

গাংনী থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ”৪২ পিচ ইয়াবা ট্যবলেটসহ গাংনী হাসপাতালের পুরুষ আয়া মোঃ সুমন রেজা (২১) আটক হয়েছে।

আটক সুমন রেজা গাংনী উপজেলার হিজলবাড়িয়া উত্তর পাড়া এলাকার আসারুল ইসলামের ছেলে।

গত রোববার দিবাগত রাত ১১ টার দিকে হিজলবাড়িয়া উত্তর পাড়া জনৈক মিলন হোসেনের হার্ডওয়ারের দোকানের সামনে অভিযান চালিয়ে তাকে ৪২ পিচ ইয়াবাসহ আটক করেন গাংনী থানা পুলিশের একটি টীম।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক জানান, মাদক পরিবার ও সমাজকে ধ্বংসের মুখে ঠেলে দেয়। মাদক নির্মূলে মেহেরপুর

জেলা পুলিশ যুদ্ধ ঘোষনা করেছে। মাদক ব্যবসায়ী ও মাদক সেবীদের কোন ছাড় নাই। আটক সুমন রেজার বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়স্ত্রণ আইনে গাংনী থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে। আসামী সুমন রেজাকে সোমবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে নতুন ২০ শিক্ষকের যোগদান

মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ২০ জন নতুন শিক্ষক যোগদান করেছেন। আজ সোমবার সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কাছে তারা যোগদান করেন। বিশাল সংখ্যক শিক্ষক যোগদানের কারণে বিদ্যালয়ের শূন্যপদ প্রায় পুরণ হলো। নতুন যোগদানকৃত শিক্ষকরা হলেন।

শারিরীক শিক্ষায় মোঃ সাদ্দাম হোসেন, উজ্জ্বল কুমার মন্ডল, চারুকলায় স্নেহাংশু শেখর সম্রাট, অনুপ কুমার কুর্মকার, বাংলায় নওয়াব শরীফ, সুমাইয়া বিনতে আশরাফ, মোঃ রাকিবুল ইসলাম, বাংলা মোঃ তারিক আজিজ, তারিকুল মুহায়মিন, জীববিজ্ঞানে মোঃ ওমর ফারুক, মোঃ জসিম উদ্দীন, মোঃ মাহফিজুর রহমান, জগন্নাথ কুমার, সামাজিক বিজ্ঞানে মো: রোকনুজ্জামান, ব্যবসায় শিক্ষায় মো: নাজমুল হাসান, গণিতে মোঃ ফয়সাল রেজা, মো: আমজাদ হোসেন, ইংরেজিতে মো: আরিফুল ইসলাম, মোঃ আলী হোসাইন এবং ভূগোলে মো: শামীম রেজা।

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির নতুন কমিটির দায়িত্বভার গ্রহণ

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির নবনির্বাচিত কমিটির সদস্যদের কাছে দায়িত্বভার হস্তান্তর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার দুপুরে জেলা আইনজীবী সমিতি মিলনায়তনে বিদায়ী সভাপতি অ্যাড. মিয়াজান আলীর সভাপতিত্বে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এসময় বক্তব্য দেন সাধারণ সম্পাদক অ্যাড. ফরিদ আহমেদ, নবনির্বাচিত সভাপতি অ্যাড. মারুফ আহমেদ বিজন। পরে নতুন কমিটির কাছে দায়িত্বভার হস্তান্তর করা হয়।

অনুষ্ঠানে নতুন কমিটির সহ-সভাপতি রফিকুল ইসলাম, সহ-সভাপতি গোলাম মোস্তফা, সাধারণ সম্পাদক এ কে এম জিল্লুর রহমান, যুগ্ম-সম্পাদক রফিকুল ইসলাম-২, যুগ্ম-সম্পাদক আব্দুল্লাহ আল মামুন (রাসেল), কোষাধ্যক্ষ আরিফুজ্জামান, গ্রন্থাগার ও সাংস্কৃতিক সম্পাদক এহান উদ্দিন (মনা), সদস্য রোকেয়া খুতন, সদস্য রুত শোভা মন্ডল, সদস্য শফিউল আযম খান (বকুল), সদস্য সেলিম রেজা গাজী, সদস্য ফয়সাল নাসরুল্লাহ (কনক), সদস্য বুলবুলি খাতুন, সদস্য সাইদুর রহমান (রিপন) প্রমুখ উপস্থিত ছিলেন।

গাংনী প্রি ক্যাডেট হাইস্কুলের দুই শিক্ষার্থীর সাফল্য

প্রতি বছরের ন্যায় এবারও মেহেরপুরের গাংনীর প্রি ক্যাডেট হাইস্কুল তার সাফল্যে’র ধারাবাহিকতা ধরে রেখেছে। ২০২১ সালের এসএসসি পরীক্ষার ফলাফলে দুই শিক্ষার্থী উপজেলায় প্রথম ও দ্বিতীয় স্থান অধিকার লাভ করেছে।

প্রি ক্যাডেট হাইস্কুলের শিক্ষার্থী আতিয়া মারজান ১৩শ’ নম্বরের মধ্যে ১২শ’ ৩৩ পেয়ে গাংনী উপজেলা পর্যায়ে প্রথম ও মাহিয়া খাতুন

গাংনীতে ১০ বোমা উদ্ধারের ঘটনায় বাবা-ছেলে গ্রেফতার

মেহেরপুরের গাংনী উপজেলার হিজলবাড়ীয়া গ্রামের একটি বাড়ি থেকে ১০টি বোমা, বোমা তৈরীর সরঞ্জাম ও গাঁজা উদ্ধারের ঘটনার দুই দিন পর জাব্বারুল ইসলাম (৪৫) ও তার ছেলে সোহেল রানা(২৩)কে গ্রেপ্তার করেছে পুলিশ।

রবিবার রাতে পুলিশ পৃথক দুটি গ্রামে অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করে। গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করেছেন।

ওসি আব্দুর রাজ্জাক জানান, গত শনিবার (৫ জানুয়ারী) রাতে গাংনীর হিজলবড়িয়া গ্রামের জাব্বারুলের বাড়িতে অভিযান চালায় গাংনী থানা পুলিশের একটি দল। পুলিশের অভিযান টের পেয়ে পালিয়ে যায় বাড়ির মালিক আব্দুল জব্বার ও তার ছেলে সোহেল রানা। আব্দুল জব্বার পেশায় গাছী (খেঁজুর গাছ থেকে রস সংগ্রহকারী)। পাশাপাশি সে গোপনে বোমা তৈরী করে সন্ত্রাসীদের কাছে সরবরাহ করতো। গোপন সংবাদের ভিত্তিতে তার বাড়ির আশেপাশে ঘিরে অভিযান শুরু করা হয়। এক পর্যায়ে তার বসতবাড়ির শয়ন কক্ষের বাক্সের মধ্যে মাটির হাড়িতে রাখা ৫টি, দুটি প্লাস্টিকের ড্রামে প্যাকেটের মধ্যে রাখা ৫টি বোমা উদ্ধার করা হয়। অভিযানে ঘর থেকে বের করা হয় বোমা তৈরীর সরঞ্জাম, গাঁজা ও গাঁজা সেবনের সরঞ্জাম।

১৯০৮ সালের বিস্ফোরক দ্রব্য উৎপাদন ও দখরে রাখার অপরাধে গাংনী থানায় একটি মামলা রুজু করা হয়। উক্ত মামলায় গ্রেপ্তারকৃত দের আদালতে প্রেরণ করা হয়।

মেহেরপুরে বাংলা ইশারা ভাষা দিবস পালন

বাংলা ইশারা ভাষা দিবস-২০২২ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকালে মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা সমাজসেবা অধিদপ্তরের উদ্যোগে দিবসটি পালন করা হয়।

মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বীর সভাপতিত্বে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) নাজমুল হুদা।

“বাংলা ইশারা ভাষার প্রসার, শ্রবণ প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ” শীর্ষক আলোচনা সভায় বক্তব্য রাখেন মেহেরপুর সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডাঃ ফয়সাল হারুন, প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা তুলসি কুমার পাল, সিডিপি’র কো-অর্ডিনেটর জনপি বিশ্বাস, এসকেএস ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক ফায়েল উদ্দিন প্রমূখ।

মেহেরপুরে এক ব্যক্তিকে কুপিয়ে জখম, আটক ১

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের শিবপুর গ্রামে বিশারত আলী নামের এক ব্যক্তিকে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে রবির বিরুদ্ধে।
রবিবার সকালে শিবপুর গ্রামে এ ঘটনা ঘটে। বিশারত আলী একই গ্রামের কিয়ামদ্দিনের ছেলে। অভিযুক্ত রবি একই গ্রামের এজেল হোসেনের ছেলে জানা গেছে, বিশারত আলী প্রতিবেশী রবির বাঁশঝাড় থেকে একটি কঞ্চি কাটে। এসময় রবি বিশারত আলীকে অকথ্য ভাষায় গালিগালাজ করে থাকে। বিশারত আলী মাত্র একটি কঞ্চি কারণে রবিকে গালিগালাজ করতে নিষেধ করলে রবি ক্ষিপ্ত হয়ে ধারালো হাসুয়া দিয়ে বিশাতের গলায় কোপ মেরে বিশারত আলীকে রক্তাক্ত জখম করে।
এসময় স্থানীয়রা রক্তাক্ত জখম অবস্থায় বিশারত আলীকে উদ্ধার করে

মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। বিশারত আলীর গালিয় ৫২টি সেলাই দেওয়া হয়েছে। বর্তমানে বিশারত আলী মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন আছেন। এঘটনায় রবি আটক করেছে মেহেরপুর থানা পুলিশ।

ঝিনাইদহ স্কুলের বারান্দা থেকে বৃদ্ধ’র মৃতদেহ উদ্ধার

ঝিনাইদহে ইলিয়াস পাটোয়ারি ৬৫ নামের এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার করেছে পুলিশ।

রোববার সকাল সাড়ে ১০ টার দিকে সদর উপজেলার তেতুলতলা এলাকার এম, কে মাধ্যমিক বিদ্যালয়ের বারান্দা থেকে মৃতদেহটি উদ্ধার করা হয়। মৃতব্যক্তি, চাদপুর জেলার কচুয়া থানার নুরপুর গ্রামের মৃত সিদ্দিক পাটোয়ারির ছেলে।

স্কুল শিক্ষক সাইদুর রহমান জানান, এ লোকটা বেশ কয়েক মাস ধরে আমাদের স্কুলের আশেপাশে ঘোরাঘুরি করতো কারো সাথে তেমন একটা কথা বলতো না। সকালে রক্তাক্ত অবস্থায় স্কুলের বারান্দায় পড়ে থাকতে দেখে পুলিশকে খবর দেয়া হয়।

ঝিনাইদহ সদর থানার ওসি শেখ সোহেল রানা জানান, ওই ব্যক্তির মাথায় আঘাতের চিহ্ন আছে। তার মৃতদেহটি ময়নাতদন্তের জন্য সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্ত শেষে মৃত্যুর সঠিক কারণ জানা যাবে।